দৈনিক ইত্তেফাক
তারিখ 30 APR 2008
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ঢাবিতে অবৈধ প্রক্রিয়ায় ভর্তি ॥ আট শিক্ষার্থীকে শোকজ করা হচ্ছে

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটে অবৈধ প্রক্রিয়ায় ভর্তি হওয়া আরো ৮ জন শিক্ষার্থীকে শিগগিরি শোকজ করা হচ্ছে। মঙ্গলবার ভুয়া ভর্তি তদন্তে গঠিত তথ্যানুসন্ধান কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। শোকজপ্রাপ্তদের মধ্যে ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগের ২ জন, লোক প্রশাসনের ২ জন, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ২ জন, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ১ জন এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ১ জন ছাত্র রয়েছে।

তথ্যানুসন্ধান কমিটির সদস্য সচিব ছিদ্দিকুর রহমান বলেন, কিছু ছাত্রের ভর্তির কাগজপত্রে গরমিল পাওয়ার প্রেক্ষিতে তাদেরকে শোকজ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। আগামী সিন্ডিকেটে বিষয়টি কমিটির পক্ষে উপস্থাপন করা হবে।

তথ্যানুসন্ধান কমিটির সুপারিশের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম সিন্ডিকেট এ পর্যন্ত ২০১ জন ছাত্রের ছাত্রত্ব বাতিল করে। ছাত্রত্ব বাতিল হওয়া কিছু শিক্ষার্থী হাইকোর্টের রীট পিটিশন দায়েরের মাধ্যমে আবার ক্লাসে ফিরেছেন।